

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।
(www.mofa.gov.bd)

নং-১৯.০০.০০০০.৪৮৪.৬০.১১৭.১৯- / ১৬১

তারিখঃ ১০ মার্চ ২০২২

প্রেরকঃ জনাব কাজী মুনতাসীর মুরশেদ
পরিচালক (পূর্ব ইউরোপ ও সিআইএস)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
প্রাপকঃ জনাব শিকদার বদিরুজ্জামান
মহাপরিচালক (পূর্ব ইউরোপ ও সিআইএস)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ১৩-১৪ মার্চ ২০২২ তারিখে উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে অনুষ্ঠিতব্য প্রথম ফরেন অফিস কনসালটেসনে অংশগ্রহণের উদ্দেশ্যে জনাব শিকদার বদিরুজ্জামান (মহাপরিচালক, পূর্ব ইউরোপ ও সিআইএস)-এর সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৩-১৪ মার্চ ২০২২ তারিখে উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে অনুষ্ঠিতব্য প্রথম ফরেন অফিস কনসালটেসনে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

- ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;
- গ) উপর্যুক্ত সম্মেলনে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তা আগামী ১২ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী তারিখে উজবেকিস্তানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৫ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ


(কাজী মুনতাসীর মুরশেদ)
পরিচালক (পূর্ব ইউরোপ ও সিআইএস)
ফোন-০২-২২৩৩৫০০০৮

নং-১৯.০০.০০০০.৪৮৪.৬০.১১৭.১৯- / ১৬১

তারিখঃ ১০ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার(পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর)), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৫। সহকারী সচিব(আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৭। বাংলাদেশ দূতাবাস, তাসখন্দ
- ৮। অফিস কপি।


10/03/22
(কাজী মুনতাসীর মুরশেদ)
পরিচালক (পূর্ব ইউরোপ ও সিআইএস)